ভোরের কাগজ

তারিখ 31 DEC 1997
পৃষ্ঠা 2 কলাম 5

16

# ছাত্র রাজনীতি দলীয় রাজনীতির সঙ্গে যুক্ত থাকলে শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত হবে না : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বলেছেন, শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার জন্য রাজনৈতিক দলগুলোকে পরিষ্কার ও সুনির্দিষ্ট সিদ্ধান্ত নিতে হবে। তিনি বলেন, যতোদিন ছাত্র রাজনীতি দলীয় রাজনীতির সঙ্গে যুক্ত থাকবে এবং ছাত্ররা রাজনৈতিক দলের হাতিয়ার হিসেবে ব্যবহৃত হবে ততোদিন শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত হওয়ার কোনো সম্ভাবনা নেই। গতকাল সকালে ভৈরবের হাজী আসমত কলেজের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি এ মন্তব্য করেন। ইউএনবি, বাসস।

রাষ্ট্রপতি তাঁর ভাষণে বলেন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং শিক্ষক সম্প্রদায় সন্ত্রাসীদের হাতে জিম্মি হয়ে পড়েছে। 'এ পরিস্থিতির যদি পরিবর্তন না হয় তাহলে শিক্ষা ব্যবস্থার ভবিষ্যৎ তথা দেশের ভাগ্যে কি ঘটবে তা কেউ বলতে পারে না'। হাজী আসমত কলেজ কখনো রাজনৈতিক কারণ বা সন্ত্রাসের জন্য বন্ধ হয়নি জেনে তিনি সন্তোষ প্রকাশ করেন।

শিক্ষাকে একটি জাতির মেরুদণ্ড অভিহিত করে রাষ্ট্রপতি সাহাবুদ্দীন বলেন, অশিক্ষিত জনগোষ্ঠীকে নিয়ে কোনো দেশের পক্ষে উন্নয়ন ও সমৃদ্ধি অর্জন করা সম্ভব নয়। তিনি জাতিকে শিক্ষিত করে তুলতে সর্বত্র শিক্ষার আলো ছড়িয়ে দেওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানান।

রাষ্ট্রপতি কেবলমাত্র সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে পরীক্ষায় নকল না করার জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানিয়ে বলেন, প্রকৃত শিক্ষা ছাড়া কেবল সার্টিফিকেট তাদের কোনো কাজে আসবে না।

স্থানীয় সরকার ও পল্লী উন্নয়নমন্ত্রী জিল্লুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডেপুটি স্পিকার এডভোকেট আবদুল হামিদ এবং কলেজের অধ্যক্ষ মুয়াজ্জেম হোসেন।

স্থানীয় সরকারমন্ত্রী তার ভাষণে দেশকে নিরক্ষরতামুক্ত করার জন্য সরকারি প্রচেষ্টার বিবরণ তুলে ধরেন। তিনি বলেন, কাঙ্খিত লক্ষ্য অর্জনের জন্য শিক্ষার একটি সুষ্ঠু ভিত্তির অবকাঠামো নিশ্চিত করা হচ্ছে।